

Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 03 April, 2025

পাবনা সদর উপজেলার অনন্ত এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছুরিকাঘাতে এক যুবক নিহত হয়েছেন।

বুধবার (২ এপ্রিল) রাত সাড়ে ১০টার দিকে অনন্ত এলাকার মেথর কলোনীর দক্ষিণ রাখবপুরে এ ঘটনা ঘটে।

পাবনা সদর থানার ওসি আব্দুস সালাম এ তথ্য নিশ্চিত করেছেন।

নিহত যুবক ওই এলাকার ওমর আলীর ছেলে আরাফাত হোসেন (১৮)। তিনি পৌর বিএনপি নেতা রূপমের অনুসারী বলে জানা গেছে।

পুলিশ ও স্থানীয় সূত্র বলছে, পূর্বে থেকেই আধিপত্য বিস্তার নিয়ে স্থানীয় ইউপি সদস্য শহিদ মেম্বরের কিছু অনুসারীর সাথে বিরোধ চলছিলো আরাফাত সহ সংশ্লিষ্টদের। বুধবার রাতে মেথর কলোনীর দক্ষিণ রাখবপুর এলাকায় আরাফাতকে একা পেলে শহিদ মেম্বরের অনুসারীরা গিয়ে তার ওপর হামলা চালায়। এসময় হাটু সহ তার শরীরের কয়েকটি জায়গায় ছুরিকাঘাতে জখম করা হয়।

ঘটনার পর স্থানীয়রা আরাফাতকে পাবনা জেনারেল হাসপাতালে নিয়ে গেলে অতিরিক্ত রক্তক্ষরণের কারণে রাত সাড়ে ১১টার দিকে মারা যান তিনি।

এরপরই স্থানীয় ইউপি সদস্য শহিদ মেম্বরের বাড়িঘরে ভাঙচুর চালিয়ে আগুন দেয় পৌর বিএনপি নেতা রূপমের অনুসারীরা। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়।

এ ব্যাপারে পাবনা সদর থানার ওসি আব্দুস সালাম বলেন, আধিপত্য বিস্তার নিয়ে দ্বন্দ্ব। এর আগেও এদের মধ্যে বামেলা হয়েছে বলে প্রাথমিকভাবে জেনেছি। তার জের ধরেই এ হত্যাকাণ্ড। ঘটনায় শহিদ মেম্বর ও তার অনুসারীরা জড়িত দাবি করে বিক্ষুব্ধরা শহিদদের বাড়িতে আগুন দেন। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে সেটি নেভানো ও অন্যান্য অপ্রীতিকর ঘটনা এড়াতে ব্যবস্থা নেয় পুলিশ।

ওসি আরো জানান, অভিযুক্তরা পলাতক রয়েছে। এখনো কাউকে আটক করা যায়নি। মরদেহ ময়নাতদন্তের জন্য হাসপাতালে রয়েছে। মামলা দায়েরের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

ছুরিকাঘাত খুন পুলিশ বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:07

URL: <https://timestodaybd.com/rajshahi/775807256>